



পারমাণবিক কর্মসূচি স্থগিত রাখতে রাজি ইরান: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, ইরান তাদের পারমাণবিক কর্মসূচি অনির্দিষ্টকালের জন্য স্থগিত করতে সম্মত হয়েছে। একই সঙ্গে তিনি জানান, যুক্তরাষ্ট্রে আটকে থাকা ইরানি অর্থও মুক্ত করা হবে না। খবরটি প্রকাশ করেছে মার্কিন সংবাদমাধ্যম ব্লুমবার্গ।

ব্লুমবার্গকে দেওয়া এক টেলিফোন সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, ইরানের সঙ্গে চলমান উত্তেজনা নিরসনে একটি চুক্তি প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তার ভাষা অনুযায়ী, চলতি বছরের শুরুতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ অবস্থানের পর থেকেই আলোচনায় অগ্রগতি আসে।

নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালের দেওয়া এক পোস্টে ট্রাম্প আরও দাবি করেন, হরমুজ প্রণালি এখন সম্পূর্ণভাবে উন্মুক্ত এবং বাণিজ্যের জন্য প্রস্তুত। তবে ইরানের ওপর যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ অব্যাহত থাকবে, যতক্ষণ না দ্বিপাক্ষিক লেনদেন সম্পূর্ণভাবে নিষ্পত্তি হয়।

এদিকে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি কিছু শর্ত সাপেক্ষে বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য হরমুজ প্রণালী খুলে দেওয়ার ঘোষণা দিয়েছেন।